# Times Today BD

শাহজাহান আলী বিপাশ | দেশজুড়ে | 08 April, 2025

ঝিনাইদহের শৈলকুপায় ট্রাকের ধাক্কায় ইজিবাইকে থাকা মা ও ছেলে নিহত হয়েছে।সোমবার সন্ধ্যায় ঝিনাইদহ-কুষ্টিয়া মহাসড়কের শৈলকুপা উপজেলার চাঁদপুর নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে।

নিহতরা হলেন-উপজেলার শিতালীপাড়া গ্রামের সোহেল রানার স্ত্রী রিপা খাতুন (২৬) ও তার ছেলে সোয়াদ হোসেন (৬)।

স্থানীয়রা জানায়, সোমবার বিকেলে ভাটই গ্রামের মামাবাড়ি থেকে ইজিবাইক যোগে নিজ বাড়ি শিতালীপাড়া যাচ্ছিলো রিপা ও তার ছেলে। পথে ঝিনাইদহ-কুষ্টিয়া মহাসড়কের চাঁদপুর নামক স্থানে পৌঁছালে পেছন দিক থেকে আসা একটি ট্রাক ইজিবাইকটিকে ধাক্কা দিয়ে পালিয়ে যায়।ট্রাকের ধাক্কায় রিপা ও তার ছেলে সোয়াদ রাস্তায় ছিটকে পড়ে গুরুতর আহত হয়।সেখান থেকে তাদের উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক রিপাকে মৃত ঘোষনা করে।আহত সোয়াদকে হাসপাতালে ভর্তি করা হলে সন্ধ্যার পর সেও মারা যায়।

ঝিনাইদহ আরাপপুর হাইওয়ে থানার (ওসি) মৃত্যুঞ্জন শিকারী দুর্ঘটনার বিষয়টি নিশ্চিত করে বলেন, ঘাতক ট্রাকটি পালিয়ে গেছে।নিহতদের লাশ সদর হাসপাতাল মর্গে রাখা ছিলো।তবে রাতেই পরিবারের কাছে নিহতদের লাশ হস্তান্তর করা হয়েছে।

ঝিনাইদহ নিহত শৈলকুপা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 15:11

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/482775807